গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২৬.৩৩. ১৬৭৮

তারিখঃ ০৮ মাঘ, ১৪৩২
২২ জানুয়ারি, ২০২৬

**বিষয় : গ্রাফিক আর্টস ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক মহামান্য সুপ্রিমকোর্টের আপিল বিভাগে দায়েরকৃত আপিল নং-৩৪৮৪/২০১৯ (রিট পিটিশন নং-৬৯৩৯.২০১৩ মামলা হতে উদ্ভূত) মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণে গৃহীত পদক্ষেপের প্রমাণক এবং বাদীর অনুকূলে বরাদ্দকৃত বাসা বাতিল/বরাদ্দ রাখার বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র ১: সংস্থাপন শাখা-৪, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪৬.১৯.০৫৮.২২-৬৭৩, তারিখ: ২৯.০৯.২০২৪ খ্রি.।
সূত্র ২: আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২৫.পলি:(এ.টি/এ.এ.টি-১৯).১১৬৯, তারিখ: ১০.০৭.২০২৫ খ্রি.।
সূত্র ৩: আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২৫.পলি:(এ.টি/এ.এ.টি-১৯).১২৫২, তারিখ: ২২.১০.২০২৫ খ্রি.।
সূত্র ৪: গ্রাফিক আর্টস ইনস্টিটিউটের স্মারক নং-৩৭.০৩.২৬৫০.৩০২.৩২.০২.২৫-৮৬৫, তারিখ: ২৯.১০.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রাফিক আর্টস ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক দায়েরকৃত নিস্পত্তিকৃত/চলমান মামলাসমূহ নথিজাত/পরিচালনার জন্য ২ ও ৩ নং সূত্রোক্ত স্মারকের পত্রে নিম্নোক্ত তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

(ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১ নং সূত্রোক্ত স্মারকের আদেশের পর হতে অদ্যাবধি জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক কর্মস্থলে দায়িত্ব/কর্তব্য পালন বিষয়ে প্রতিষ্ঠানের মতামত;

(খ) জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক বাসা বরাদ্দ বাতিলকরণ বিষয়ে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য প্রমাণক;

(গ) জনাব মোঃ ওমর ফারুক এর অনুকূলে বরাদ্দকৃত বাসা বাতিল/পুনবহাল করা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রমাণক।

২। তৎপ্রেক্ষিতে গ্রাফিক আর্টস ইনস্টিটিউট হতে ৪ নং সূত্রোক্ত স্মারকের পত্রে জনাব মোঃ ওমর ফারুক অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করে আসছেন, আপিল নং-৩৪৮৪/২০১৯ মামলাটি চলমান রয়েছে এবং বাদীর অনুকূলে বাসা বরাদ্দ বাতিলকরণের বিষয়টি অবহিত করা হয়।

৩। উল্লেখ্য যে, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট কর্তৃক প্রেরিত মামলা সংক্রান্ত কাগজপত্রাদি যাচাই-বাছাইকরণে দেখা যায় যে, জনাব মোঃ ওমর ফারুক এর অনুকূলে বরাদ্দকৃত বাসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে বাতিল করা হলে তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৬৯৩৯/২০১৩ মামলা দায়ের করলে বিজ্ঞ আদালত গত ১৫.০২.২০২৫ খ্রি. তারিখে **Rule Discharged** করে সরকার পক্ষে আদেশ প্রদান করেন। বাদী উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিমকোর্টের আপিল বিভাগে আপিল নং-৩৪৮৪/২০১৯ মামলা দায়ের করেন। মামলায় অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট ৩ নং বিবাদী হিসেবে পক্ষভুক্ত রয়েছেন।

৪। এমতাবস্থায়, আপিল নং-৩৪৮৪/২০১৯ মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণের তথ্য এবং বাদীর বাসা বরাদ্দ বাতিল/বরাদ্দ রাখা সংক্রান্ত নিম্নোক্ত বিষয়ে সুস্পষ্ট মতামত আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) আপিল নং-৩৪৮৪/২০১৯ মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণে ৩ নং বিবাদী কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণক;
(খ) আপিল নং-৩৪৮৪/২০১৯ মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণে দাখিলকৃত/প্রেরিত জবাব;
(গ) বাদী কর্তৃক সংশ্লিষ্ট বাসার ভাড়া এবং বিদ্যুৎ বিল পরিশোধের প্রমাণক;
(ঘ) প্রতিষ্ঠানের বর্তমান অবস্থার আলোকে বাদীর বাসা বরাদ্দ বাতিল/বরাদ্দ রাখার বিষয়ে মতামত;
(ঙ) এছাড়াও মামলার উদ্ভূত বিষয় বিবেচনা করত আপিল মামলা দ্রুত নিস্পত্তিকরণের বিষয়ে মতামত।

22/01/26

(ড. রেজা হাসান মাহমুদ)
সহকারী পরিচালক-১০ (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

অধ্যক্ষ
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট
সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০১। পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। উপাধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৩। সহকারী পরিচালক-৪, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধ্যক্ষ বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধ)।
০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সংরক্ষণ নথি।

- 615